গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির ২০২১-২০২২ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | সৈয়দ বেলাল হোসেন<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ১২ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১০:০০ টা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব (প্রোগ্রামার, আইসিটি সেল) কে অনুরোধ করেন। অতঃপর সদস্য সচিব নিম্নরূপে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

**১.০ আলোচ্য বিষয়:** সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি প্রতি অর্থবছরে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ।

**১.১ আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২০২২ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ১.২ কার্যক্রমের আওতায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের উপর বিস্তারিত আলোচনা করেন। এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সদস্য সচিব সভায় অবহিত করেন যে, আগস্ট ২০২১ মাসে সর্বশেষ এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক সচিব মহোদয়ের অনুমোদনক্রমে ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এছাড়াও হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি এ বিভাগের সকল কর্মকর্তাবৃন্দকে দাপ্তরিক ই-মেইল এবং ই-নথি মারফত প্রেরণ করা হয়েছে এবং কোন মতামত থাকলে তা আইসিটি সেলে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।

সভার শুরুতে ইতোপূর্বে এ বিভাগের হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতির উপর কারো কোনো মতামত আছে কিনা তা সভাপতি কর্তৃক উপস্থাপনের জন্য অনুরোধ করা হয়। তদনুযায়ী এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির "এসিড আমদানির নতুন লাইসেন্স" সেবাসহ প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য নাগরিক সেবার মূল্য পরিশোধ পদ্ধতিতে প্রচলিত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের পাশাপাশি ই-চালান পদ্ধতি চালু করার বিষয় নিয়ে আলোচনাপূর্বক তা বাস্তবায়নের যথাযথ পদক্ষেপ নেয়ার ব্যাপারে একমত পোষণ করা হয়। "মৃত্যুজনিত কারণে গৃহনির্মাণ অগ্রিমের অপরিশোধিত আসল ও সুদ মওকুফ" সেবাটির প্রয়োজনীয় কাগজপত্র হিসেবে শোকবার্তার প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা হয় এবং ইউনিয়ন পরিষদ/সিটি করপোরেশন/পৌরসভা/সংশ্লিষ্ট হাসপাতাল কর্তৃক মৃত্যু সনদ নেয়া থাকলে এবং অর্থ মন্ত্রনালয়ের কোনো বাধ্যবাধকতা না থাকলে বর্ণিত সেবাটি পেতে শোকবার্তার শর্ত ঐচ্ছিক হিসাবে রাখার ব্যাপারে সবাই একমত পোষণ করেন। এছড়াও এসিড সংক্রান্ত বিভিন্ন নাগরিক সেবার মূল্য পরিশোধ বাবদ পে-অর্ডার ও ট্রেজারি চালানের পরিসংখ্যান বার্ষিক ভিত্তিতে প্রস্তুতের জন্য সভাপতি আইন-২ শাখাকে অনুরোধ করেন। এ বিভাগের সিনিয়র সহকারী সচিব আফরোজা আক্তার রিবা সেবা প্রদান প্রতিশ্রুতির অভ্যন্তরীণ সেবার ৪৪ হতে ৪৭ নম্বর সেবাসমুহ শৃংখলা-১ ও শৃংখলা-২ শাখার জন্য প্রযোজ্য বিধায় সংশ্লিষ্ট অংশ হালনাগাদ করার প্রস্তাব করেন, যা সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। কর্মকর্তা বদলি/পদায়ন জনিত কারণে সেবা প্রদান

প্রতিশ্রুতির সংশিষ্ট সেবার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি , ফোন , মেইলের তথ্য তাৎক্ষনিকভাবে আইসিটি সেল কর্তৃক হালনাগাদ করার বিষয়টি নিয়ে আলোচনা করা হয়। এছাড়াও সভায় সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি নির্দেশিকা, ২০২১-২০২২ অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম সতর্কতার সাথে সম্পন্ন করার জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দের সহযোগিতা কামনা করেন। বিস্তারিত আলোচনাক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**১.২ সিদ্ধান্ত:**

(ক) নাগরিক সেবার মূল্য পরিশোধ পদ্ধতিতে প্রচলিত ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের পাশাপাশি ই-চালান পদ্ধতি চালু করা এবং তা বাস্তবায়নের যথাযথ পদক্ষেপ নেয়া;

(খ) "মৃত্যুজনিত কারণে গৃহনির্মাণ অগ্রিমের অপরিশোধিত আসল ও সুদ মওকুফ" সেবাটির প্রয়োজনীয় কাগজপত্র হিসেবে শোকবার্তার ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ/সিটি করপোরেশন/পৌরসভা/সংশ্লিষ্ট হাসপাতাল কর্তৃক মৃত্যু সনদ নেয়া থাকলে এবং অর্থ মন্ত্রনালয়ের কোনো বাধ্যবাধকতা না থাকলে সেবাটি পেতে শোকবার্তার শর্ত ঐচ্ছিক হিসাবে রাখা;

(গ) এসিড সংক্রান্ত বিভিন্ন নাগরিক সেবার মূল্য পরিশোধ বাবদ পে-অর্ডার ও ট্রেজারি চালানের পরিসংখ্যান বার্ষিক ভিত্তিতে আইন-২ শাখা কর্তৃক প্রস্তুত করা;

(ঘ) এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির অভ্যন্তরীণ সেবার ৪৪ হতে ৪৭ নম্বর সেবাসমুহ শৃংখলা-১ ও শৃংখলা-২ শাখার জন্য একত্রে সন্নিবেশিত করা;

(ঙ) এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির সংশিষ্ট সেবার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বদলি/পদায়ন জনিত কারণে সেবা প্রদান প্রতিশ্রুতির সংশিষ্ট সেবার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবি, ফোন, মেইলের তথ্য যত দ্রুত সম্ভব আইসিটি সেল কর্তৃক হালনাগাদ করণের উদ্যোগ গ্রহণ করা;

**২.০ আলোচ্য বিষয়: বিবিধ।**

**২.১ আলোচনা:** এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতির "সেবা প্রদান" কলামের বিভিন্ন বাক্য/শব্দ ভিন্নভাবে প্রকাশ করার জন্য উপস্থিত সদস্যবৃন্দ মতামত প্রদান করেন।

**২.২ সিদ্ধান্ত:**

সেবা প্রদান প্রতিশ্রুতির "সেবা প্রদান" কলামের প্রয়োজনীয় সংশোধনসহ অন্যান্য সংশোধন থাকলে তা আইসিটি সেলে অবহিত করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



সৈয়দ বেলাল হোসেন
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.২০৭

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৮
১৫ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, পরি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

২) যুগ্মসচিব, বহিরাগমন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৩) উপসচিব, প্রশাসন-৩ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৪) উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৫) উপসচিব, আইন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ


৬) উপসচিব, কারা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৭) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), মাদক-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৮) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৯) সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব), শৃঙ্খলা-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

১০) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ আইয়ুব হোসেন
প্রোগ্রামার